

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

নগর উন্নয়ন অধিদপ্তর

রিজিওনাল প্ল্যানিং

www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০৪১.১৭.১৫৫

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৯

০৭ জুন ২০২২

বিষয়: পিজিসিবি কর্তৃক "আব্দুল্লাহপুর ১৩২/৩৩ কেভি জিআইএস গ্রীড উপকেন্দ্র" নির্মাণের জন্য ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলাধীন চর গলগলিয়া মোড়জায় ১.০০৯৪ একর (এক একর চুরানবই অজুতাংশ) ভূমি অধিগ্রহণের লক্ষ্যে অনাপত্তি পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: সূত্র-০১ঃ তার দপ্তরের স্মারক নং-২৭.২১.০০০০.৪২৭.৫৫.০০১.৩৩, তারিখঃ ৪/০২/২০২১

সূত্র-০২ঃ নগর উন্নয়ন অধিদপ্তরের স্মারক নং- ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০৪১.১৭, তারিখঃ ১৭/০২/২০১৯

সূত্র-০৩ঃ তার দপ্তরের স্মারক নং-পিজিসিবি/পিডি(প্রঃপ্রকৌঃ)/জিটুজি/২০১৮/৪৭৯

সূত্র-০৪ঃ তার দপ্তরের স্মারক নং-২৭.২১.২৬০৪.৪২৭.১৪.০৪১.২২.৩৮৩, তারিখঃ ০২/০৩/২০২২

সূত্র-০৫ঃ তার দপ্তরের স্মারক নং-২৭.২১.২৬০৪.৪২৭.১৪.০৪১.২২.৬২৩ তারিখঃ ১০/০৪/২০২২

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও গনচীন সরকারের যৌথ অর্থায়নে “Power Grid Network Strengthening Project under PGCB” শীর্ষক প্রকল্পের আওতায় পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ (পিজিসিবি) কর্তৃক “আব্দুল্লাহপুর ১৩২/৩৩ কেভি জিআইএস গ্রীড উপকেন্দ্র” নির্মাণের জন্য ঢাকা জেলার কেরানীগঞ্জ উপজেলাধীন চর গলগলিয়া মোড়জায় ১.০০৯৪ একর (এক একর চুরানবই অজুতাংশ) ভূমি অধিগ্রহণের জন্য স্মারক নং ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৩৬ তারিখঃ ২৯/০৩/২০২১ এর মাধ্যমে অনাপত্তি প্রদান করা হয়েছিলো। প্রস্তাবিত দাগে স্থাপনা থাকায় প্রত্যাশি সংস্থা কর্তৃক পূর্বে উপস্থাপিত সীমানা (প্রস্তাবিত জমির দাগ নম্বর) পরিবর্তন পূর্বক স্মারক নং ২৭.২১.২৬০৪.৪২৭.১৪.০৪১.২২.৩৮৩, তারিখঃ ০২/০৩/২০২২ এর মাধ্যমে পুনরায় অনাপত্তি প্রদানের জন্য আবেদন করেন। পরবর্তিতে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তাবিত ডিটেইন্ড এরিয়া প্ল্যানের ১৫০’ প্রসঙ্গ রাস্তার সাথে ওভারল্যাপিং হওয়ায় স্মারক নং-২৭.২১.২৬০৪.৪২৭.১৪.০৪১.২২.৬২৩ তারিখঃ ১০/০৪/২০২২ এর মাধ্যমে প্রস্তাবিত জমির দাগ নম্বর পুনরায় পরিবর্তন পূর্বক সংশোধিত আবেদনপত্র দাখিল করেন। সংশোধিত আবেদনপত্র অনুযায়ী প্রস্তাবিত জমির তফসিল নিম্নরূপঃ

মৌজার নাম	জে.এল নম্বর	সিট নম্বর	আর এস দাগ নম্বর	মোট জমির পরিমাণ
চর গলগলিয়া মৌজা,	৬৭	০২	১৩০০, ১৩০১, ১৩০২, ১৩০৪, ১৩০৫, ১৩০৬, ১৩০৭, ১৩০৮, ১৩০৯, ১৩১০, ১৩১২, ১৩১৪, ১৩১৫, ১৩১৬	১.০০৯৪ একর


এলাকাটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায় প্রস্তাবিত জমিটি বালিভরাটকৃত সমতল খালি জমি। যার উত্তরে প্রায় ১৬ ফুট চওড়া (ধর্মসুর- সোনাকান্দা) পাকা রোড ও বসতবাড়ি, দক্ষিণে নালজমি, পূর্বে বসতবাড়ি, খালিজমি ও মসজিদ, পশ্চিমে খালি জমি অবস্থিত। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ডিটেইন্ড এরিয়া প্ল্যান এর তথ্য ও উপাত্ত অনুযায়ী চর গলগলিয়া মৌজা (জে এল নং-৬৭, সিট নং-০২) এর প্রস্তাবিত দাগ নম্বর এর ব্যবহার Flood Flow Zone এবং Waterbody হিসেবে চিহ্নিত রয়েছে। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ডিটেইন্ড এরিয়া প্ল্যান এর রিপোর্ট অনুযায়ী এবং Waterbody এর Restricted ব্যবহার থেকে দেখা যায় উক্ত এলাকায় কোনো ধরনের স্থাপনা তৈরী নিষিদ্ধ। তবে Flood Flow Zone এর Permitted ব্যবহারে স্থিতিশীল Transformer Station নির্মান করা যাবে মর্মে উল্লেখ আছে।

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক স্মারক নং- ২৫.৩৯.০০০০.০৩১.৩৬.০০২.২২.১, তারিখ ০১/০৬/২০২২ এ ভূমি অধিগ্রহণের জন্য শর্তসাপেক্ষে অনাপত্তিপত্র প্রদান করা হয়েছে। এমতাবস্থায় উক্ত এলাকা জনস্বার্থে ব্যবহার হবে বিধায় নিম্নলিখিত শর্তসাপেক্ষে উক্ত ভূমি অধিগ্রহণে নগর উন্নয়ন অধিদপ্তরের কোন আপত্তি নাইঃ

- ১। ডিটেইল্ড এরিয়া প্লানে উল্লেখিত পুকুরটি সংরক্ষণ করতে হবে।
- ২। প্রত্যাশি সংস্থা কর্তৃক প্রস্তাবিত এলাকাটি **Flood Flow Zone** এ অবস্থিত হওয়ায় সংশ্লিষ্ট এলাকার ভূমির ঢালের (**Natural Slope**) সাথে সঙ্গতি রেখে ইঞ্জিনিয়ারিং সার্ভের ফলাফলের ভিত্তিতে পর্যাপ্ত পানি নিষ্কাশন ব্যবস্থা রাখতে হবে যাতে পার্শ্ববর্তী এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি না হয়।
- ৩। বন্যা পানির প্রবাহকে বাঁধাগ্রস্ত না করার নিমিত্ত প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রদত্ত লে আউটে প্রদর্শিত স্থাপনার চতুর্দিকে প্রয়োজন অনুযায়ী একটি ড্রেনেজ ব্যবস্থাপনা এবং ১৩২৩ কেভি জিআইএস গ্রীড কন্ট্রোল রুম এবং ৩৩ কেভি জিআইএস গ্রীড কন্ট্রোল রুম এর মধ্যবর্তী স্থানে একটি ড্রেনেজ ব্যবস্থা রাখতে হবে যাতে উক্ত স্থাপনার কারণে পার্শ্ববর্তী এলাকার ড্রেনেজ ব্যবস্থাপনা বিঘ্নিত না হয়।
- ৪। ডিটেইল্ড এরিয়া প্লানে উল্লেখিত প্রস্তাবিত রাস্তার জায়গা সংরক্ষণ করতে হবে।
- ৫। এই ছাড়পত্র জমির মালিকানা নির্দেশ করে না।
- ৬। অগ্নি দুর্ঘটনা প্রতিরোধে পর্যাপ্ত অগ্নিকান্ড প্রতিরোধ এবং নির্বাপন ব্যবস্থা রাখতে হবে।
- ৭। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত ছাড়পত্রের শর্তাবলী মান্য করতে হবে।
- ৮। **Town Improvement Act 1953** অনুযায়ী গেজেট সংশোধন করতে হবে

সংযুক্তিঃ

১. পরিদর্শন প্রতিবেদন।
২. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অনাপত্তি পত্র।
৩. **Detailed Area Plan (DAP)** ম্যাপে প্রস্তাবিত জমি চিহ্নিত ম্যাপ।
৪. মৌজার উপর এলাকা চিহ্নিত জমি
৫. **Google** ম্যাপে এলাকা চিহ্নিত ম্যাপ।
৬. **Flood Flow Zone** এবং **Waterbody** এর **Permitted** এবং **Conditional** ব্যবহার।



৭-৬-২০২২

কাজী মোঃ ফজলুল হক

সিনিয়র প্ল্যানার

ফোন: ২২৩৩৫২২৮১

ইমেইল: fhaq321@yahoo.com

প্রকৌঃ মোঃ শফিউল্লাহ, প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী ও
প্রকল্প পরিচালক “**Power Grid Network
Strengthening Project under PGCB**”
এভিনিউ-৩, জহুরুল ইসলাম সিটি, আফতাব নগর, বাড্ডা-১২১২

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০৪১.১৭.১৫৫/১(৪)

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৯
০৭ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর (দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৩) সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর(দপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

